



## সাধু যোসেমারীয়া এফ্রিভা অপুস দেই'র প্রতিষ্ঠাতা প্রার্থনা

হে ঈশ্বর, ধন্যা কুমারী মারীয়ার মধ্যস্থতায় তুমি তোমার যাজক সাধু যোসেমারীয়াকে অসংখ্য কৃপা দান করে খ্রীষ্টিভক্তদের দৈনন্দিন কর্তব্য পালনের মধ্য দিয়ে খ্রীষ্টিয় জীবনের পবিত্রাতা অর্জন করার এক মাধ্যম রূপে অপুস দেই'র প্রতিষ্ঠার কাজে বিশ্বস্ত সেবক হিসাবে নিয়োগ করেছিলে। আমাকে কৃপা দান কর যেন আমিও জীবনের বিভিন্ন পরিস্থিতি এবং মুহূর্তগুলিকে যোগ্য ভাবে কাজে লাগিয়ে তোমায় ভালবাসতে পারি, সরলতা ও আনন্দের সঙ্গে আমাদের মণ্ডলী, পোপ মহোদয় ও সকল মানুষের সেবা করে, পৃথিবীর বিভিন্ন দিকে বিশ্বাস ও ভালবাসার আলোক ছড়াতে পারি।

সাধু যোসেমারীয়ার মধ্যস্থতায় আমাকে অনুগ্রহপূর্বক এই আশীর্বাদ প্রদান কর (এখানে বিশেষ আবেদন উল্লেখ করুন)।  
আমেন।

-প্রভুর প্রার্থনা, প্রণাম মারীয়া, ত্রিত্বের জয়া।

“দৈনন্দিন জীবনে যেখানেই তোমাদের আকাঙ্ক্ষা, কাজ-কর্ম ও স্নেহের মুহূর্তগুলি আসে, সেখানেই প্রভু যীশুর সঙ্গে সাক্ষাতের সুযোগ হয়। এই জগত সংসারের সব পার্থিব বিষয়াদি বা পরিবেশে, মানুষের সেবাদানের সুযোগগুলির মধ্য দিয়ে, ঈশ্বর ও মানুষকে সেবা করে আমরা নিজেদের পবিত্র করে তুলতে পারি। আমার প্রিয় সন্তানেরা, এই বিশ্বের দিগন্ত ভূমিতে স্বর্গ ও মর্তের যেন এক মিলন সাধিত হয়েছে। কিন্তু মনে রাখবে, ঈশ্বর আর মানুষের প্রকৃত মিলন ঘটে তোমার নিজ হৃদয়ে, যখন তোমার দৈনন্দিন জীবন পবিত্র হয়ে ওঠে।” - সাধু যোসেমারিয়া এন্ক্রিভা,

- পৃথিবীকে হৃদয়ার্থে ভালবাসা, উপদেশ, ৮-১০-১৯৬৭

সাধু যোসেমারিয়া এন্ক্রিভার জন্ম হয় স্পেন দেশের বারবাসট্রো নামে এক শহরে, ৯ই জানুয়ারী ১৯০২ সালে। মহানগরী সারাগোসায় ২৮শে মার্চ ১৯২৫ খ্রীষ্টাব্দে তিনি পুরোহিত পদে অভিষিক্ত হন। ২য় অক্টোবর ১৯২৮ সালে ঐশ প্রেরণায় তিনি ‘অপুস দেই’ স্থাপন করেন। ১৯৭৫-এর ২৬শে জুনে রোম নগরে মা মারীয়ার ছবির প্রতি অস্তিমবার স্নেহের দৃষ্টিতে তাকিয়ে তিনি প্রাণ ত্যাগ করেন। তাঁর মৃত্যুর প্রাক্কালে অপুস দেই ৫টি মহাপ্রদেশের ৮০টি রাজ্যে বিস্তার লাভ করেছিল; ঐ সময়ে সারা বিশ্বে মোট সদস্য ছিল ৬০ হাজারেরও বেশী। অপুস দেই প্রতিষ্ঠানের প্রধান বৈশিষ্ট্য হল সার্বজনীন ক্যাথলিক মণ্ডলীর সেবা ও প্রসারার্থে পোপ মহোদয় এবং বিশপদের সঙ্গে একাত্ম হয়ে কাজ করা। পুণ্যপিতা ২য় জন পল, ৬ই অক্টোবর ২০০২ সালে যোসেমারিয়াকে সাধু শ্রেণীভুক্ত করেন। প্রতি বছর ২৬শে জুনে, তাঁর পর্ব পালিত হয়। সাধু যোসেমারিয়ার দেহখানি ভিয়ালে ব্রুনো বুয়োজ্জি, ৫, রোম নগরে, শান্তির রানী গীর্জায় (Prelatic Church of Our Lady of Peace, Viale Bruno Buozzi 75, Rome) রক্ষিত আছে।

বিশদ বিবরণের জন্য এখানে দেখতে পারেন :-

[www.josemariaescriva.info](http://www.josemariaescriva.info) [www.escrivaworks.org](http://www.escrivaworks.org)

যে ব্যক্তি সাধু যোসেমারিয়ার মধ্যস্থতায় কোন বিশেষ কৃপা বা আশীর্বাদ লাভ করেছেন, অনুগ্রহ করে এই ঠিকানায় জানাবেন- Opus Dei Prelature, P.O. Box 4559, New Delhi-110016.

মণ্ডলীর অনুমোদিত